বাংলাদেশের গণতান্ত্রিক অগ্রযাত্রায় ইউরোপীয় ইউনিয়নের সহায়তার ঘোষণা



সংগৃহীত ছবি

বাংলাদেশের চলমান গণতান্ত্রিক রূপান্তর প্রক্রিয়ায় সমর্থন জানিয়েছে ইউরোপীয় ইউনিয়ন (ইইউ)। অন্তর্বর্তী সরকারের অধীনে অনুষ্ঠিতব্য জাতীয় নির্বাচনের প্রস্তুতি নিয়ে সন্তুষ্টি প্রকাশ করে তারা দেশীয় নেতৃত্বের প্রতি নতুন আস্থা পুনর্ব্যক্ত করেছে। একই সঙ্গে রাজনৈতিক দলগুলোকে দায়িত্বশীল ও গঠনমূলক ভূমিকা পালনের আহ্বান জানানো হয়েছে।

ইইউ তাদের সামাজিক যোগাযোগমাধ্যম পোস্টে বলেছে, বাংলাদেশ গণতান্ত্রিক নির্বাচন আয়োজনের যে পথে এগোচ্ছে, আমরা সেই অগ্রগতিকে সমর্থন করি। তারা আগামী ফেব্রুয়ারির অংশগ্রহণমূলক ও সুষ্ঠু নির্বাচনের প্রেক্ষাপটে প্রধান উপদেষ্টা অধ্যাপক ড. মুহাম্মদ ইউনূসের নেতৃত্বকে স্বাগত জানায়।

রাজনৈতিক স্থিতিশীলতা নিশ্চিত করতে রাজনৈতিক দলগুলোর মধ্যে সংলাপ ও সহযোগিতা অপরিহার্য উল্লেখ করে ইইউ জানায়, দেশের ভবিষ্যৎ গণতান্ত্রিক কাঠামোকে টেকসই করতে সবাইকে গঠনমূলক ভূমিকা রাখতে হবে।

এদিকে, বিশ্ব বাণিজ্য সংস্থা (ডব্লিউটিও) বাংলাদেশকে আশ্বস্ত করেছে যে স্বল্পোন্নত দেশ থেকে উত্তরণের পরও প্রয়োজনীয় কারিগরি সহায়তা অব্যাহত থাকবে। সংস্থার উপমহাপরিচালক শিয়াংচেন ঝাং জানান, বাংলাদেশ বর্তমানে ডব্লিউটিওর বিভিন্ন প্রশিক্ষণ ও কারিগরি সহায়তা কর্মসূচি থেকে উপকৃত হচ্ছে এবং এগুলো ভবিষ্যতেও অব্যাহত থাকবে।

তিনি আরও বলেন, ডব্লিউটিও আন্তর্জাতিক সংস্থাগুলোর সঙ্গে সমন্বিতভাবে উন্নয়নশীল অর্থনীতির বাণিজ্য সক্ষমতা বাড়াতে কাজ করছে। বিশেষ করে এনহ্যান্সড ইন্টিগ্রেটেড ফ্রেমওয়ার্ক (ইআইএফ)–এর সুবিধাভোগী হিসেবে বাংলাদেশ এখনো শক্ত অবস্থানে রয়েছে। এলডিসি থেকে আনুষ্ঠানিক উত্তরণের পরও আরও পাঁচ বছর ইআইএফের সুবিধা পাবে বাংলাদেশ।